

## আবেদনের পদ্ধতি ও নিয়মাবলী :

৪.১ ভর্তিচ্ছু প্রার্থকে অন-লাইনে ১ম ও ২য় শিফটের যে কোন এক শিফটের জন্য আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) অথবা উভয় শিফটে আবেদনের জন্য আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত টাকা) প্রথমে **টেলিটক প্রি-পেইড** মোবাইলের মাধ্যমে 16222 নম্বরে SMS করে জমা দিতে হবে। অতঃপর [www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd) অথবা [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd) অথবা [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd) অথবা [www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd) অথবা [www.nsd.gov.bd](http://www.nsd.gov.bd) ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদন ফরম (Application Form) যথাযথভাবে পূরণ করতে হবে।

৪.২ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এস.এস.সি. উত্তীর্ণ আবেদনকারীদের নম্বরপত্রের সত্যায়িত কপি ও পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত রসিদ ছবিসহ নির্ধারিত ফরমে আবেদনপত্র আগামী ১৪/০৬/২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পিছনের বিল্ডিংয়ের ২০১ নং কক্ষে সরাসরি অথবা ডাকযোগে পৌঁছানো নিশ্চিত করতে হবে। ফরমটি বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের ওয়েবসাইট ([www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd)) থেকে সংগ্রহ করতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

৪.৩ সংরক্ষিত কোটার আবেদনকারীগণ অন-লাইনে আবেদন করার পরে আবেদনের প্রিন্ট কপি ও অনুচ্ছেদ ৯.৩ এ বর্ণিত সকল কাগজপত্র আগামী ১৪/০৬/২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পিছনের বিল্ডিংয়ের ২০১ নং কক্ষে সরাসরি অথবা ডাকযোগে পৌঁছানো নিশ্চিত করতে হবে। অন্যথায় নির্ধারিত কোটা বিবেচ্য হবে না।

৪.৪ ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি শিক্ষা মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, মৎস ও প্রাণীনস্পদ মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, শির্প মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট কাউন্সিল (NSDC), বিএমইটি (BMET), এবিসিসিআই (FBCCI), বিজিএমইএ (BGMEA), বিকেএমইএ (BKMEA) সহ সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজ এর ওয়েবসাইট এ পাওয়া যাবে।

## ফি জমা দেয়ার পদ্ধতি :

৫.১ টেলিটকের Prepaid মোবাইল ফোনের মাধ্যমে ম্যাসেজ অপশনে গিয়ে BTAD লিখে, স্পেস দিয়ে শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে এস.এস.সি. পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে এস.এস.সি. পাসের সন লিখে স্পেস দিয়ে এস.এস.সি. 'র রেজিস্ট্রেশন নম্বর লিখে স্পেস দিয়ে ভর্তির শিফটের নির্ধারণ অক্ষর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

উদাহরণঃ BTAD <Space> XXX <Space> YYYYYY <Space> ZZZZ <Space> RRRRRR <Space> S

এখানে, XXX এর স্থলে আবেদনকারী যে শিক্ষা বোর্ড থেকে এস.এস.সি. পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, সে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর [যেমন, ঢাকা বোর্ডের বেলায় (DHA), সিলেট (SYL), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদ্রাসা (MAD), কারিগরি (BTE)], YYYYY এর স্থলে আবেদনকারীর এস.এস.সি. পাসের রোল নম্বর ও ZZZZ এর স্থলে এস.এস.সি. পাসের সন, RRRRRR এর স্থলে এস.এস.সি. 'র রেজিস্ট্রেশন নম্বর এবং S-এর স্থলে ১ম শিফট (A), ২য় শিফট (B), উভয় শিফট (C) হবে।

৫.২ SMS-প্রেরণকারী আবেদনের যোগ্য হলে প্রার্থীর নাম, পিতার নাম, শিফট, একটি PIN নম্বর এবং পরীক্ষার ফি হিসেবে এক শিফটের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) / উভয় শিফটের জন্য ৩০০/- (তিন শত) টাকা কেটে রাখার সম্মতি চেয়ে ফিরতি SMS দেয়া হবে। ফিরতি SMS মনোযোগের সাথে দেখে নিয়ে তথ্যাদি সঠিক থাকলে সম্মতি দিতে হবে। সম্মতি দেয়ার জন্য BTAD<Space>YES<space>PIN<Space> যোগাযোগের Mobile Number লিখে ১৬২২২ নম্বরে SMS পাঠাতে হবে। তবে যেকোন অপারেটরের একটি Mobile Number কেবলমাত্র একজন প্রার্থীর যোগাযোগের জন্য ব্যবহার করতে হবে। প্রার্থীকে Money Receipt নম্বরসহ একটি ফিরতি SMS দেয়া হবে। উল্লেখ্য যে, Money Receipt নম্বরটি নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে এবং Money Receipt নম্বরটি পাওয়ার পরে অন-লাইনে আবেদন ফরম পূরণ করতে হবে।